

২০২১  
বাংলা

তৃতীয় সেমিস্টার (DODL)

তৃতীয় পত্র

বিশেষ পত্র : রবীন্দ্রসাহিত্য

পূর্ণমান : ৮০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নের উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

- ১। রবীন্দ্রজীবনে ‘পূরবী’ কাব্যের আবহে ‘পঁচিশে বৈশাখ’ কবিতাটির ভাব ও তাৎপর্য ব্যাখ্যা করো।

অথবা

‘মাটির ডাক’ কবিতায় প্রকাশিত কবির প্রকৃতিপ্রীতি ও দেশচেতনার স্বরূপটি বুঝিয়ে দাও। ১৫

- ২। ‘প্রান্তিক’ কাব্যের কবিতাগুলি কোন্ অর্থে প্রান্তিক? এদের মধ্যে সুরের ঐক্য আছে কিনা বিচার করো।

অথবা

‘প্রান্তিক’ কাব্যে প্রতিফলিত কবির মৃত্যুচেতনা সম্পর্কে তোমার অভিমত দাও। ১৫

- ৩। ‘রাজা’ নাটককে 'Inner Drama of the Soul' বলা কতটা যৌক্তিক তা বুঝিয়ে দাও।

অথবা

সুদর্শনার আত্মশোধন ও আত্মোপলব্ধিতে দাসী সুরঙ্গমার ভূমিকা ব্যাখ্যা করো। ১৫

- ৪। রবীন্দ্র-গীতিনৃত্যনাট্য হিসেবে ‘তাসের দেশ’-এর স্থান নির্ণয় করো।

অথবা

তত্ত্বনাট্য হিসেবে ‘তাসের দেশ’ নাটকটির সার্থকতা নিরূপণ করো। ১৫

- ৫। ক) ব্যাখ্যা লেখো :  $৫ \times ৪ = ২০$

‘হে ধরণী কেন প্রতিদিন তৃপ্তিহীন  
একই লিপি পড়ে বারে বারে?’

অথবা

‘শুধু এবারের মতো

বসন্তের ফুল যত

যাব মোরা দুজনে কুড়াতে।’

- খ) ‘পশ্চিমে যাবার মুখে

বর্জন করো না মোরে উপেক্ষিত ভিক্ষুকের মতো।’

অথবা

‘দামামা ঐ বাজে,

দিন বদলের পালা এল

ঝোড়ো যুগের মাঝে।’

গ) 'আমরা সবাই রাজা আমাদের এই রাজার রাজত্বে।'

অথবা

'আমি রূপে তোমায় ভোলাব না,

ভালোবাসায় ভোলাব।'

ঘ) 'আমরা নুতন যৌবনের দূত,

আমরা চঞ্চল, আমরা অদ্ভুত।'

অথবা

'বাঁধ ভেঙে দাও, বাঁধ ভেঙে দাও,

বাঁধ ভেঙে দাও।'

---